গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৬.০০২.১৯.**২৪২৮**

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৮ / ২৫ নভেম্বর ২০২১

**বিষয়: দি রোজেস কালেক্টরেট স্কুল, হবিগঞ্জ এর উন্নয়ন।**

সূত্র: জেলা প্রশাসক, হবিগঞ্জ এর স্মরক-০৫.৪৬.৩৬০০.০১০.০০৩.২১-২৫১, তারিখ: ১৬ নভেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের ছায়ালিপি এ সাথে প্রেরণ করা হলো। পত্রে বর্ণিত দি রোজেস কালেক্টরেট স্কুল, হবিগঞ্জ এর উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সূত্রস্থ পত্রের ছায়ালিপি।

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, হবিগঞ্জ।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অতিরিক্ত সচিব (প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ।
(শিক্ষা ও কল্যাণ শাখা)
www.habiganj.gov.bd

হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্মারক নম্বর : ০৫.৪৬.৩৬০০.০১০.০০৩.২১- ২৫৯ তারিখ : ১৮ নভেম্বর ২০২১

বিষয় : দি রোজেস কালেক্টরেট স্কুল, হবিগঞ্জ এর উন্নয়নের জন্য আর্থিক অনুদান পাওয়ার আবেদন।

সূত্র : অধ্যক্ষ, দি রোজেস কালেক্টরেট স্কুল, হবিগঞ্জ এর ১৪/১১/২০২১ খ্রি. তারিখের ৩৭/২১ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "দি রোজেস কালেক্টরেট স্কুল, হবিগঞ্জ" ১৯৭৭ সালে 'দি রোজেস শিশু কিশোর বিদ্যালয়, হবিগঞ্জ' নামে প্রতিষ্ঠিত হয়। গত ২৩/১২/২০২০ তারিখের কার্যনির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বিদ্যালয়টি "দি রোজেস কালেক্টরেট স্কুল, হবিগঞ্জ" হিসেবে আত্নপ্রকাশ করে। বর্তমানে স্কুলটিতে প্লে গ্রুপ থেকে ষষ্ঠ শ্রেণী পর্যন্ত পাঠদান কার্যক্রম চলমান আছে। স্কুলটিতে একটি আধাপাকা ভবন নির্মাণ কাজ চলছে। প্রতিষ্ঠানটির আয়-ব্যয় সম্পূর্ণরূপে শিক্ষার্থীদের বেতনের উপর নির্ভরশীল। এ পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানটির নির্মাণ ব্যয় নির্বাহ করা হয়েছে জেলা প্রশাসন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, হবিগঞ্জ পৌরসভা এবং বিভিন্ন দানশীল ব্যক্তিদের নিকট থেকে প্রাপ্ত অনুদান থেকে। বর্তমানে চলমান অসমাপ্ত কাজ সুষ্ঠুভাবে সমাপ্তকরণসহ বেঞ্চ ও আসবাবপত্র ক্রয়ের জন্য সর্বমোট ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, "দি রোজেস কালেক্টরেট স্কুল, হবিগঞ্জ" এর নতুন নির্মানাধীন ভবনের অসমাপ্ত কাজ সমাপ্তকরণসহ বেঞ্চ ও আসবাবপত্র ক্রয়ের জন্য প্রয়োজনীয় আর্থিক অনুদান প্রদানের নিমিত্ত অধ্যক্ষ, "দি রোজেস কালেক্টরেট স্কুল, হবিগঞ্জ" এর আবেদনটি সদয় বিবেচনার জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্ত : ০১। মূল আবেদন ০১ (এক) পাতা।
০২। নির্মাণাধীন ভবনের ছবি ০৪ (চার) কপি।

(ইশরাত জাহান)
জেলা প্রশাসক
হবিগঞ্জ।
ফোন: ০৮৩১-৬২১০০
ফ্যাক্স:০৮৩১-৬১২০৫
ই-মেইল: dchabiganj@mopa.gov.bd

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর : ০৫.৪৬.৩৬০০.০১০.০০৩.২১- ২৫৯/১(৩) তারিখ : ১৮ নভেম্বর ২০২১

সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো-

০১। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০২। অধ্যক্ষ, দি রোজেস কালেক্টরেট স্কুল, হবিগঞ্জ
০৩। অফিস কপি।

(ইশরাত জাহান)
জেলা প্রশাসক
হবিগঞ্জ।

# দি রোজেস কালেক্টরেট স্কুল, হবিগঞ্জ

স্থাপিত- ১লা জুলাই, ১৯৭৭ খ্রিঃ

মোবাইল ঃ ০১৭১৭-৪৪৭২৪৪

E-mail : therosescollectorateschool@gmail.com

স্মারক নং- ৩৭/২১ তারিখ ১৪/১১/২০২১

বরাবর,
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মাধ্যমঃ- জেলা প্রশাসক, হবিগঞ্জ।

**বিষয় - দি রোজেস কালেক্টরেট স্কুল, হবিগঞ্জ এর উন্নয়নের জন্য আর্থিক অনুদান পাওয়ার আবেদন।**

মহোদয়,
সবিনয় নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী অধ্যক্ষ, দি রোজেস কালেক্টরেট স্কুল, হবিগঞ্জ। উক্ত স্কুলটি ১৯৭৭ খ্রিষ্টাব্দে তৎকালীন হবিগঞ্জ মহকুমা প্রশাসক জনাব এম আজিজুর রহমান "দি রোজেস শিশু কিশোর বিদ্যালয়" নামে প্রতিষ্ঠা করেন। বিগত ২৩/১২/২০২০ তারিখের কার্যনির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বিদ্যালয়টি "দি রোজেস কালেক্টরেট স্কুল, হবিগঞ্জ" হিসেবে আত্মপ্রকাশ করে। স্কুলটি জেলা প্রশাসক মহোদয়ের সভাপতিত্বে পরিচালিত । বর্তমানে স্কুলটিতে প্লে শ্রেণি থেকে ষষ্ঠ শ্রেণি পর্যন্ত পাঠদান কার্যক্রম চলছে। স্কুলটিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা ৪১৬ জন। ২০২২ খ্রিঃ থেকে সপ্তম ও অষ্টম শ্রেণির পাঠদান কার্যক্রম চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ লক্ষ্যে স্কুলটিতে একটি আধাপাকা ভবন নির্মাণকাজ চলছে। স্কুলটির আয় শুধুমাত্র ছাত্র বেতনের উপর নির্ভরশীল। এ পর্যন্ত এ ভবনের নির্মাণ ব্যয় নির্বাহ করা হয়েছে জেলা পরিষদ কর্তৃক প্রাপ্ত অনুদান, জেলা প্রশাসক কর্তৃক প্রাপ্ত অনুদান, উপজেলা পরিষদ কর্তৃক প্রাপ্ত অনুদান এবং বিভিন্ন দানশীল ব্যক্তিদের থেকে প্রাপ্ত অনুদান থেকে। বর্তমানে চলমান অসমাপ্ত কাজ সুষ্ঠুভাবে সমাপ্তকরণ সহ অন্যান্য উন্নয়নের জন্য আরও ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার প্রয়োজন। এমতাবস্থায় স্কুলের উন্নয়নের জন্য আপনার তহবিল হতে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অনুদান প্রদানের জন্য আবেদন করছি।

অতএব মহোদয় সমীপে বিনীত প্রার্থনা , স্কুলের নতুন নির্মাণাধীন ভবনের অসমাপ্ত কাজ সমাপ্ত করণ করার সহ অন্যান্য উন্নয়নমূলক কাজের জন্য প্রয়োজনীয় আর্থিক অনুদান প্রদান করতে মহোদয়ের সদয় মর্জি কামনা করছি।

বিনীত নিবেদক

১৪/১১/২০২১

ইসমত আরা বেগম
অধ্যক্ষ
দি রোজেস কালেক্টরেট স্কুল
হবিগঞ্জ

